

**রাজতান্ত্রিক সৌদি আরবে সরকারি সফরে প্রধানমন্ত্রী
(এপ্রিল ২-৩, ২০১৬)**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি কিং সালমান বিন আবদুলআজিজ আল-সৌদ—এর আমন্ত্রণে ২-৩ এপ্রিল ২০১৬, রাজতান্ত্রিক সৌদি আরবে সরকারি সফর করবেন।

২০১০ সালে তৎকালীন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং-এর রিয়াধ সফরের পর এটাই হল ভারত থেকে সৌদি আরবে শীর্ষস্থানের সফর।

সফরকালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি কিং সালমান বিন আবদুলআজিজ আল-সৌদ—এর সঙ্গে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করবেন।

ভারত এবং সৌদি আরব, দু'দেশই মানুষের মধ্যেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে, যা মানুষে-মানুষে যোগাযোগের ঘনিষ্ঠতার উপর ভিত্তি করে গড়ে উঠেছে। আমাদের দু'দেশের এই ‘কৌশলগত অংশীদারিত্ব’ যা ২০১০ সালে দু'দেশের তরফেই প্রতিষ্ঠিত হয়েছিল, রিয়াধ ঘোষণার মধ্য দিয়ে তা রাজনৈতিক, অর্থনৈতিক, নিরাপত্তাগত এবং প্রতিরক্ষাগত ক্ষেত্রে আরও গভীরভাবে যোগাদানের বিষয়টি দূরদৃষ্টি দিয়ে দেখেছিল। সাম্প্রতিককালে, যৌথ স্বার্থসম্বন্ধীয় নানা গুরুত্বপূর্ণ বিষয় দ্বিপাক্ষিক সহযোগিতা বজায় রাখার ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।

২০১৪-১৫ সালে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ৪০০০ কোটি মার্কিন ডলারে পৌঁছনোর সঙ্গে সঙ্গেই সৌদি আরব ভারতের চতুর্থ বৃহত্তম অংশীদারে পরিণত হয়েছে। একইসঙ্গে সৌদি আরব ভারতে বৃহত্তম অপরিশোধিত তেল সরবরাহকারী দেশ, কারণ আমাদের দেশের মোট তেল আমদানির প্রায় এক পঞ্চমাংশ সেখান থেকেই আসে।

সৌদি আরবে বসবাসকারী মানুষদের মধ্যে নিজের দেশ ছেড়ে বাইরে থাকা মানুষদের বৃহত্তম সম্প্রদায় ভারতীয়দেরই এবং তাদের আতিথ্যদানকারী দেশের উন্নয়ন এবং বিকাশে তাদের ইতিবাচক অবদান সুস্মৃকৃত। সৌদি আরবে বর্তমানে ২৯.৬০ লক্ষেরও বেশি ভারতীয় নাগরিক কর্মরত রয়েছেন।

নয়াদিল্লি

মার্চ ২২, ২০১৬